# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৭. ইলম অন্বেষণের জন্য সফর করা এবং এতে পরিশ্রম-কষ্ট সহ্য করা

بَابُ الرِّحْلَةِ فِي طَلَبِ الْعِلْمِ، وَاحْتِمَالِ الْعَنَاءِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا مَخْلَدُ بْنُ مَالِكٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ الْأُمَوِيُّ حَدَّثَنَا الْحَجَّاجُ عَنْ حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ مِنْ آلِ سَعْدِ بْنِ مُعَاذٍ قَالَ قَالَ ابْنُ عَبَّاسٍ طَلَبْتُ الْعِلْمَ فَلَمْ أَجِدْهُ أَكْثَرَ مِنْهُ فِي الْأَنْصَارِ فَكُنْتُ آتِي الرَّجُلَ فَأَسْأَلُ عَنْهُ فَيُقَالُ لِي نَائِمٌ فَأَتَوَسَّدُ رِدَائِي ثُمَّ أَضْطَجِعُ حَتَّى يَخْرُجَ إِلَى الظُّهْرِ فَيَقُولُ مَتَى كُنْتَ هَا هُنَا يَا ابْنَ عَمِّ رَسُولِ اللَّهِ فَأَقُولُ مُنْذُ زَمَنٍ طَوِيلٍ فَيَقُولُ بِئْسَ مَا صَنَعْتَ هَلَّا أَعْلَمْتَنِي فَأَقُولُ أَرَدْتُ أَنْ تَخْرُجَ إِلَيَّ وَقَدْ قَضَيْتَ حَاجَتَكَ

في إسناده الحجاج وهو: ابن أرطاة وهو ضعيف

বাংলা

৫৮৫. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: আমি ইলম অন্বেষণ করতে থাকলাম ফলে আনসারগণের চেয়ে অধিক ইলম আর কোথাও পেলাম না। আমি (তাদের মধ্যকার) একজন লোকের নিকট আসতাম এবং তাকে প্রশ্ন করতাম। তখন উত্তরে আমাকে বলা হতো: তিনি ঘুমিয়ে আছেন। তখন আমার চাদরকে বালিশ বানিয়ে আমিও শুয়ে পড়তাম যতক্ষণ না তিনি যোহরের সময় বের হয়ে আসতেন। তারপর তিনি বলতেন: হে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাচার ছেলে! তুমি এখানে কতক্ষণ ধরে আছো? আমি বলতাম: অনেকক্ষণ ধরেই। তারপর তিনি বলতেন: তুমি যা করেছো তা খুবই খারাপ হয়েছে। তুমি কি আমাকে জানাতে পারো নি? তখন আমি বলতাম: আমি চেয়েছি, আপনি আপনার প্রয়োজন সেরে আমার নিকট বের হয়ে আসুন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এ সনদে হাজ্জাজ রয়েছে, তিনি হলেন: ইবনু আরতাহ’। তিনি যয়ীফ। তবে আছারটি সহীহ। দেখুন

পরবর্তী ৫৮৬, ৫৯০ নং আছার দু’টি।

তাখরীজ: ইবনু আব্দুল বার, জামি’ বায়ানিল ইলম, ৫৬৮, ৫৯২ নং এর টীকায় যয়ীফ ও মুনকাতি’ সনদে; খতীব, আল জামি’ নং ২২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75961

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন